



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা সুপারের কার্যালয়

নারায়ণগঞ্জ জেলা কারাগার

Email: jailsupernarayangonj@gmail.com



বোর্ড অব ডিজিটর্স এর মার্চ/২০২২ মাসের ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ মঞ্জুরুল হাফিজ, জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
তারিখ	:	০৬-৩-২০২২।
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা।
সভার স্থান	:	জেলা সুপারের অফিস কক্ষ, জেলা কারাগার, নারায়ণগঞ্জ।
উপস্থিতি	:	“পরিশিষ্ট-ক”।

বোর্ড অব ডিজিটর্স এর ত্রৈমাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। নিম্নস্বাক্ষরকারীর অনুমতিক্রমে জেলা সুপার, নারায়ণগঞ্জ গত ০৬-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর নারায়ণগঞ্জ জেলা কারাগারের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	০৬ (ছয়) তলা বিশিষ্ট বন্দী ব্যারাক নির্মাণ	০৬ তলা বন্দী ব্যারাকের নির্মাণ কাজের মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে। কিন্তু সিভিল বিভাগ ও ই/এম বিভাগের অনেক কাজ এখনো বাকী আছে। দ্রুততম সময়ের মধ্যে নির্মাণ কাজ শেষ করা প্রয়োজন।	গণপূর্ত বিভাগ মানসম্পন্ন নির্মাণ সামগ্রীদ্বারা নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করবেন এবং কারা কর্তৃপক্ষ উক্ত কাজ মনিটরিং করবেন।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ ও কারা কর্তৃপক্ষ।
০২।	০৬ (ছয়) তলা বিশিষ্ট সেল নির্মাণ	কারাভ্যন্তরে ডেইরি ফার্ম এলাকায় দক্ষিণ মুখী সেল ভবন নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়েছে। টেস্ট পাইলিং প্রস্তুত করা হয়েছে। টেস্ট পাইলিং ড্রাইভ করার পর নমুনা পরীক্ষা করে নির্মাণ কাজ শুরু করবেন।	নির্মাণ কাজ ইতিমধ্যে শুরু করা হয়েছে। গণপূর্ত বিভাগ মানসম্পন্ন নির্মাণ সামগ্রীদ্বারা নির্মাণ কাজ সম্পন্ন করবেন এবং কারা কর্তৃপক্ষ উক্ত কাজ মনিটরিং করবেন।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ ও কারা কর্তৃপক্ষ।
০৩।	কারা এলাকার দক্ষিণ পার্শ্বে ৬.২৯ একর জমি অধিগ্রহণ	কারা এলাকার দক্ষিণ পার্শ্বে ৬.২৯ একর জমি অধিগ্রহণের জন্য মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী সহকারী কমিশনার (ভূমি), ফতুল্লা সার্কেল কর্তৃক প্রত্যয়ন পত্র পাওয়া গিয়েছে। সহকারী কমিশনার (ভূমি) স্কেচ ম্যাপ এবং গণপূর্ত বিভাগ মাস্টার প্লান প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়। প্রস্তাবিত ৬.২৯ একর জমির মধ্যে বিদ্যুৎ বিভাগ ১.০৫০০ একর জমি অধিগ্রহণের প্রস্তাব ইতিমধ্যে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন এবং ০৮ তলা ভবন থাকায় সরকারী অর্থ সাশ্রয়ের জন্য পুনরায় স্কেচ ম্যাপ প্রস্তুতের কাজ চলমান রয়েছে।	সহকারী কমিশনার (ভূমি), ফতুল্লা সার্কেল স্কেচ ম্যাপ এবং গণপূর্ত বিভাগ পূর্ণাঙ্গ মাস্টার প্লান সরবরাহ করবেন।	স্থাপত্য অধিদপ্তর ও নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ।
০৪।	পেরিমিটার ওয়ালের উচ্চতা ১৮ ফুট উর্ধ্বমুখী সম্প্রসারণ করণ	সম্প্রতি কয়েকটি কারাগার হতে পেরিমিটার ওয়াল টপকিয়ে বন্দী পলায়নের মতো দুর্ঘটনা ঘটেছে। নারায়ণগঞ্জ জেলা কারাগারের পেরিমিটার ওয়ালের উচ্চতা ১৪ ফুট ৬ ইঞ্চি আবার কোথাও ১৪ ফুট। নিরাপত্তার স্বার্থে পেরিমিটার ওয়ালটি দ্রুত উর্ধ্বমুখী সম্প্রসারণ করে ১৮ ফুট করার জন্য ডিজাইন বিভাগ	গণপূর্ত বিভাগ দ্রুত পেরিমিটার ওয়াল উর্ধ্বমুখী সম্প্রসারণের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন এবং কারা কর্তৃপক্ষ অর্থ বরাদ্দ ও প্রশাসনিক অনুমোদনের জন্য তদারকি করবেন।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ ও কারা কর্তৃপক্ষ।

		কর্তৃক মতামত প্রদান করেছেন। অর্থ বরাদ্দ ও প্রশাসনিক অনুমোদনের জন্য কারা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি বরাদ্দ পাওয়া যায়নি।		
০৫।	সাক্ষাত কক্ষ উর্দ্ধমুখী সম্প্রসারণ ও সংস্কার	বন্দীদের সাক্ষাত সহজতর ও সুন্দর করার নিমিত্তে সাক্ষাত কক্ষটি ২য় তলায় সম্প্রসারণ করার নকশা কারা অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তর হতে অনুমোদন প্রদান করা হয়েছে। গণপূর্ত বিভাগ প্রশাসনিক অনুমোদনের জন্য কারা অধিদপ্তরে পত্র প্রেরণ করেন।	পূর্বে প্রদত্ত প্রশাসনিক অনুমোদন বহাল আছে এবং দরপত্র আহবান করে NOA/ কার্যাদেশ দেয়ার পর অর্থ বরাদ্দ দেয়া হবে মর্মে গণপূর্ত বিভাগকে কারা অধিদপ্তর নিশ্চিত করেছেন।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ।
০৬।	সালামী মঞ্চ ও প্যারেড গ্রাউন্ড আধুনিকায়ণ	প্যারেড গ্রাউন্ড আধুনিকায়ন, চারপাশে স্টেইনলেস স্টিল পাইপ দিয়ে বেটনি নির্মাণ এবং সালামী মঞ্চের ছামিয়ানার জন্য বীশের পরিবর্তে স্থায়ীভাবে স্টেইনলেস স্টিল পাইপ দিয়ে ফ্রেম তৈরী করার জন্য গণপূর্ত বিভাগে উপবিভাগীয় প্রকৌশলী কাশিমপুর কারাগার পরিদর্শন করে অচীরেই কাজ শুরু করবেন মর্মে নির্বাহী প্রকৌশলী জানান।	উপ-বিভাগীয় প্রকৌশলী কাশিমপুর কারাগার পরিদর্শন করে অচীরেই কাজ শুরু করবেন। কারা কর্তৃপক্ষ উক্ত কাজ মনিটরিং করবেন।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ ও কারা কর্তৃপক্ষ।
০৭।	কারা এলাকার আবাসিক ভবন মেরামত/ সংস্কার	কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক ভবনের জানালার গ্লাস ভাঙা, পাল্লা ভাঙা, বেসিন ভাঙা, দরজা ভাঙা, প্লাস্টার খসে পড়ে রং নষ্ট হয়ে বিবর্ণ দেখাচ্ছে। আবাসিক ভবন মেরামতের নিমিত্তে প্রশাসনিক অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য প্রাক্কলন কারা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি অর্থ বরাদ্দ পাওয়া যায়নি।	অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে গণপূর্ত বিভাগ আবাসিক ভবন মেরামত/ সংস্কার করবেন। ছোট খাটো মেরামত কাজ গণপূর্ত বিভাগের নিজস্ব বরাদ্দ হতে করবেন।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ
০৮।	সীমানা প্রাচীর/ বাউন্ডারী ওয়াল মেরামত	কারাগারের উত্তর পার্শ্বের সীমানা প্রাচীর হেলে পড়ছে যে কোন সময় ভেঙ্গে পড়তে পারে। ইতোমধ্যে দশ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। পশ্চিম পাশে সামান্য কাজ সম্পন্ন করা হয়েছে। অন্যান্য অংশের অবশিষ্ট কাজ বর্তমানে বন্ধ রয়েছে। উত্তর পাশে ১.০০ একর জমি অধিগ্রহণ করা হয়েছে বিধায় উত্তর পাশে নতুন করে সীমানা প্রাচীর নির্মাণ করা হবে।	উত্তর পাশে নতুন করে সীমানা প্রাচীর নির্মাণ এবং অবশিষ্ট সীমানা প্রাচীরটি দ্রুত মেরামতের জন্য গণপূর্ত বিভাগকে অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ
০৯।	খাদ্যের মান নিশ্চিত করণ এবং ঔষধক্রয় ও ব্যবহার	বন্দীদের খাদ্যের গুণগত মান যাচাইয়ে রান্নাঘরে সরেজমিনে পরিদর্শন করা হয়। মান সম্মত খাবার পরিবেশন করা হচ্ছে। অসুস্থ বন্দীদের ভর্তি রেখে এবং বর্হিভাগে পর্যাপ্ত মান সম্মত কেন্দ্রীয়ভাবে সরবরাহকৃত ঔষুধ সরবরাহ করা হচ্ছে। মহিলা বন্দীদের চিকিৎসার জন্য একজন মহিলা চিকিৎসক পদায়ন করা প্রয়োজন। চিকিৎসক পদায়নের জন্য কারা কর্তৃপক্ষ পত্র প্রেরণ করেছেন।	করোনা সংক্রমণ প্রতিরোধে কারা হাসপাতালে করোনা সরঞ্জামাদি ও ঔষুধ মজুদ রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ভিক্টোরিয়া হাসপাতাল হতে একজন মহিলা চিকিৎসক সপ্তাহে ০২ দিন কারাগারের মহিলা ওয়ার্ডে চিকিৎসা সেবা প্রদানে একজন মহিলা চিকিৎসক নিয়োগের জন্য সিভিল সার্জনকে পুনরায় অনুরোধ করা হলো।	সিভিল সার্জন, নারায়ণগঞ্জ ও কারা কর্তৃপক্ষ।
১০।	রিজিলিয়াস গার্মেন্টস, জামদানী পরিচালনা এবং উৎপাদিত	রিজিলিয়াস গার্মেন্টস ও জামদানী সারাদেশে ব্যাপক সুনাম অর্জন করেছে। উৎপাদিত পণ্য বিক্রয়, সুষ্ঠুভাবে পরিচালনা এবং বন্দিদের কল্যাণে কাজ করার জন্য রিজিলিয়াস পরিচালনা কমিটিকে কাজ করতে হবে। রিজিলিয়াস গার্মেন্টসে নতুন যন্ত্রপাতি যেমন: স্টিম	সভাপতি মহোদয়ের নির্দেশনায় রিজিলিয়াস গার্মেন্টস এর মার্কেটিং ও উন্নয়ন পরিকল্পনার জন্য রিজিলিয়াস পরিচালনা কমিটি ব্যবস্থা গ্রহণ করবেন।	রিজিলিয়াস গার্মেন্টস পরিচালনা কমিটি।

	পণ্য বিপণন ও অর্ডার প্রাপ্তির ব্যবস্থা	মেশিন, বেকম মেশিন, আয়রন, থিনার মেশিন, স্টিকার মেশিন ও কাটিং মেশিন স্থাপন করে গার্মেন্টসকে স্বয়ং সম্পূর্ণ করা হয়েছে। অর্ডার প্রাপ্তির বিষয়ে সকলের সহযোগিতা প্রয়োজন।		
১১।	বন্দি পুনর্বাসন ও কর্মসংস্থান।	কারাগার হতে মুক্তিপ্রাপ্ত ১০ জন বন্দীকে পুনর্বাসনের লক্ষ্যে তালিকা প্রস্তুত করে উপ পরিচালক জেলা সমাজ সেবাকে প্রদান করা হয়েছে। জেলা সমাজ সেবা ০৬ জন বন্দীর তালিকা চূড়ান্ত করেছে। শ্রীগ্রহী তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। ইতিপূর্বে পুনর্বাসিত করা হয়েছে এমন ০২ জন ব্যক্তির তথ্য ডকুমেন্টারী করে উপস্থাপনের জন্য বলা হয়।	উপ পরিচালক জেলা সমাজ সেবা ০৬ জন মুক্তিপ্রাপ্ত বন্দীদের অনুদান প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করার প্রয়োজনীয় ব্যবস্থা করবেন এবং ইতিপূর্বে পুনর্বাসিত করা হয়েছে এমন ০২ জন ব্যক্তির তথ্য ডকুমেন্টারী করে উপস্থাপনের জন্য উপপরিচালককে পুনরায় বলা হলো।	উপ-পরিচালক, জেলা সমাজসেবা, নারায়ণগঞ্জ
১২।	মাদকাসক্ত বন্দীদের মোটিভেশন	মাদকাসক্ত বন্দীদের মোটিভেশন করার জন্য একাধিক মামলায় একাধিকবার কারাগারে আসা বন্দীদের নিয়ে একটি সেমিনার করা প্রয়োজন। সে সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালককে আগামী ত্রৈমাসিক সভায় সদস্য হিসেবে উপস্থিত রাখার বিষয়ে আলোচনা করা হয়।	জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়ের সভাপতিত্বে মাদকাসক্ত বন্দীদের নিয়ে সেমিনার করা হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক উপস্থিত থাকবেন।	জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ উপ-পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ ও কারা কর্তৃপক্ষ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ মঞ্জুরুল হাকিম)

জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ

ও

সভাপতি

বোর্ড অব ডিজিটরস এর ত্রৈমাসিক সভা।

*

পত্র নং-৫৮.০৪.৬৭০০.০২১.০৩.০৬৫.২১-১৯০১

তারিখঃ ফাল্গুন ১৪২৮
মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। কারা মহাপরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।
- ০৪। কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা।
- ০৫। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- ০৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
- ০৭। সিভিল সার্জন তথা মেডিকেল অফিসার, কারা হাসপাতাল, নারায়ণগঞ্জ।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ।
- ০৯। সহকারী কমিশনার (ভূমি), ফতুল্লা রাজস্ব সার্কেল, নারায়ণগঞ্জ।
- ১০। জেল সুপার, নারায়ণগঞ্জ জেলা কারাগার, নারায়ণগঞ্জ।
- ১১। উপ-পরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, নারায়ণগঞ্জ।

১২। উপ-পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।

১৩। জনাব আলহাজ্ব মোঃ আনোয়ার ইসলাম, পিতা-মৃত মফিজ উদ্দিন, পাইনাদী, মিজমিজি, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।

১৪। জনাব মোঃ কাশেম জামাল, পিতা-মৃত আব্দুস সোবহান মিয়া, সাং-৩৯ চাষাড়া, জামতলা, নারায়ণগঞ্জ।

১৫। জনাব মোঃ মোফাজ্জল হোসেন, পিতা-আক্তার হোসেন, সাং-ধর্মগঞ্জ, ডাকঘর-এনায়েত নগর, থানা-ও জেলা-নারায়ণগঞ্জ।

১৬। জনাব লায়ন মোঃ মোজাম্মেল হক ভূঁইয়া, পিতা-মৃত হাজী মোঃ এখলাছ উদ্দিন ভূঁইয়া, যাত্রামুড়া, যাত্রামুড়া, রূপগঞ্জ, না.গঞ্জ।

১৭। জনাব এড. মোঃ হাসান ফেরদৌস জুয়েল, পিতা-মৃত মোঃ ফোরকান মোল্লা, সাং-রাজ্জাক টাওয়ার, ফ্ল্যাট-৫ডি, ২৩, আল্লামা ইকবাল রোড, জেলা-নারায়ণগঞ্জ।

১৮। জনাব অধ্যক্ষ প্রফেসর ড. শিরিন বেগম, স্বামী- এডভোকেট সামসুল ইসলাম, সাং-৭০, উত্তরা চাষাড়া, নারায়ণগঞ্জ।

১৯। জনাব শারমিন হাবিব বিন্নি, স্বামী- আব্দুল্লাহ আল মামুন সাং-৩/১, ডিএন রোড, ১ম অংশ, নন্দীপাড়া, নারায়ণগঞ্জ, উপজেলা-নারায়ণগঞ্জ সদর, জেলা- নারায়ণগঞ্জ।

২০। অফিস কপি।

৫/৬/১২
জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ

ও

সভাপতি

বোর্ড অব ডিজিটরস এর ত্রৈমাসিক সভা।